দৈনিক খবর

তারিখ 17 SEP 1988
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৩ ...

167

# চট্টগ্রামে ছাত্র সংঘর্ষ ।। গুলীতে ১ জন নিহত

।। স্টাফ রিপোর্টার ।।

ছাত্রলীগ (হা-অ) ও জাতীয়তাবাদী ছাত্রদলের কর্মীদের মধ্যে ৪ ঘন্টাব্যাপী এক সংঘর্ষে চট্টগ্রাম পলিটেকনিক ইন্সটিটিউটে একজন ছাত্র গুলীবিদ্ধ হয়ে মারা গেছেন।

৭-এর পাতায় দেখুন

# চট্টগ্রামে ছাত্র সংঘর্ষ

প্রথম পৃষ্ঠার পর

ঢাকায় প্রাপ্ত খবরে জানা গেছে, শুক্রবার দিনগত রাতে ছাত্রাবাস দখলকে কেন্দ্র করে এ সংঘর্ষ হয়। সংঘর্ষে নিহত ছাত্রের নাম মঞ্জুর হোসেন আবেদী। ছাত্রলীগ ও ছাত্রদল উভয় সংগঠনই মঞ্জুরকে তাদের দলের বলে দাবী করেছে।

প্রাপ্ত খবরে আরও জানা যায় যে, এ সংঘর্ষের পর পুলিশ ছাত্রদলের ৬ জন কর্মীকে গ্রেফতার করেছে। পাইপগানসহ বেশ কিছু দেশী অস্ত্রশস্ত্রও উদ্ধার করা হয়েছে। এখানে উল্লেখ্য যে, দীর্ঘদিন বন্ধ থাকার পর মাত্র এক সপ্তাহ আগে এ শিক্ষা প্রতিষ্ঠানটি খুলে দেয়া হয়।

বিএনপি চেয়ারম্যান বেগম খালেদা জিয়া মঞ্জুরকে ছাত্রদল কর্মী হিসেবে দাবী করে এক বিবৃতিতে বলেন, মহান শিক্ষা দিবসে সংগ্রামী ছাত্রজোট আহূত হরতালের সমর্থনে জাতীয়তাবাদী ছাত্রদলের কর্মীরা চট্টগ্রাম পলিটেকনিক ইন্সটিটিউটে মিছিল করার সময় ছাত্রলীগ (হা-অ) নামধারী সশস্ত্র দুষ্কৃতকারীরা সরকারী ছত্রছায়ায় ছাত্রদলের মিছিলের ওপর নির্বিচারে গুলীবর্ষণ করে ছাত্রদলের কর্মী মঞ্জুরকে হত্যা এবং আরো কয়েকজনকে আহত করে।

বিএনপি চেয়ারম্যান বেগম খালেদা জিয়া এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন এবং হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করেছেন।

বিবৃতিতে বেগম জিয়া বলেন, স্বৈরাচারী সরকারের পতনের লক্ষ্যে আন্দোলনের কর্মসূচী ঘোষণা করায় এবং এ কর্মসূচী সফলতার সাথে পালিত হতে থাকায় আন্দোলনের ভয়ে ভীত স্বৈরাচারী সরকার সুপরিকল্পিতভাবে তার দোসরদের সহযোগিতায় দেশের সর্বত্র জাতীয়তাবাদী দল ও তার বিভিন্ন অংগ সংগঠনের কর্মীদের ওপর নির্বিচারে সশস্ত্র হামলা চালাচ্ছে। যার ফলে মাত্র কয়েক দিনের ব্যবধানে জাতীয়তাবাদী ছাত্রদলের ৫ জন তরুণ ও সম্ভাবনাময় ছাত্র কর্মীকে আত্মাহুতি দিতে হয়েছে।

বিএনপি চেয়ারম্যান তীব্র হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন যে, হত্যা, নির্যাতন চালিয়ে আন্দোলনকে স্তব্ধ করা যাবে না। নির্যাতন যতই বাড়বে আন্দোলনের বেগ ততই বাড়বে।

তিনি আরো বলেন যে, সরকার আজ বিভিন্ন দিক থেকে জাতীয়তাবাদী শক্তিকে ধ্বংস করার জন্য যে ষড়যন্ত্র ও চক্রান্তের জাল বিস্তার করেছে তার বিরুদ্ধে ছাত্র জনতার ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তুলতে হবে, স্বৈরশাহীর পতন ঘটানোর মাধ্যমেই সকল শহীদের হত্যাকাণ্ডের বিচার করা হবে।

বিবৃতিতে তিনি মঞ্জুরের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন যে, স্বৈরাচার বিরোধী আন্দোলনে ও পার্টির সকল কর্মকাণ্ডে তার অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে। মঞ্জুরের হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করে তিনি বলেন যে, এ বর্বরোচিত হত্যাকাণ্ডের পর স্থানীয় প্রশাসন হত্যাকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের পরিবর্তে পলিটেকনিট ইন্সটিটিউট-এর ছাত্রদলের নেতা ও ছাত্র সংসদের সাধারণ সম্পাদকসহ ৬ জন ছাত্রদলের নেতা ও কর্মীকে গ্রেফতার করার ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে তিনি গ্রেফতারকৃতদের নিঃশর্ত মুক্তি দাবী করেছেন।

বিএনপি'র জাতীয় স্থায়ী কমিটির সদস্য কর্নেল (অবঃ) অলি আহমদ এক বিবৃতিতে চট্টগ্রাম পলিটেকনিক ইন্সটিটিউটে ছাত্রদল কর্মী মঞ্জুরের হত্যাকাণ্ডের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করেছেন।

এছাড়া জাতীয়তাবাদী ছাত্রদলের সভাপতি আসাদুজ্জামান রিপন ও সাধারণ সম্পাদক আমানুল্লাহ আমান মঞ্জুর হত্যাকাণ্ডের নিন্দা জানিয়ে দোষী ব্যক্তিদের শাস্তি দাবী করেছেন। বিবৃতিতে তারা এ ঘটনায় জড়িত অভিযোগে গ্রেফতারকৃত উক্ত ইন্সটিটিউটের ছাত্র সংসদের সাধারণ সম্পাদক মোয়াজ্জেম হোসেন মিঠুসহ ৬ জন ছাত্রদল কর্মীর মুক্তি দাবী করেন।